




নম্বর: ৪৭.৬২.০০০০.২০৫.১৮.০০২.২০.৭৮৯৪

তারিখ: ২৯ আগস্ট ২০২১

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক মাঠ পর্যায়ে বিভিন্ন কর্মসূচি যথা: মহিলা উন্নয়ন কর্মসূচি (মউ), আবর্তক কর্মসূচি, পল্লী দারিদ্র্য বিমোচন কর্মসূচি (পদাবিক), সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, গুচ্ছগ্রাম প্রকল্প, আদর্শগ্রাম প্রকল্প, বীর মুক্তিযোদ্ধা কর্মসূচি ইত্যাদি বাস্তবায়িত হচ্ছে। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর প্রণোদনা প্যাকেজের আওতায় কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল হতে এসএমই ঋণ কর্মসূচিও বাস্তবায়িত হচ্ছে। লক্ষ্য করা যাচ্ছে যে, উপজেলা পর্যায়ে কোন কোন কর্মসূচিতে মোটেই কোনো জনবল নেই, আবার কোনো কোনো কর্মসূচিতে অধিক সংখ্যক জনবল রয়েছে। এ প্রেক্ষাপটে, মাঠ পর্যায়ের কর্মসূচিসমূহের জনবল সুসমন্বয় করে মাঠ কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে এক কর্মসূচির জনবলকে অন্য কর্মসূচিতে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ তাদের আওতাধীন কর্মসূচির জনবল সুসমন্বয় করে প্রয়োজন অনুযায়ী তাদেরকে যেকোন দায়িত্ব প্রদান করতে পারবেন। কোনো কর্মসূচিতে প্রয়োজনীয় জনবল না থাকলে অন্য কর্মসূচির উপযুক্ত জনবলকে উক্ত কর্মসূচির অতিরিক্ত দায়িত্ব প্রদান করা যাবে। ইউআরডিও এর নিকট সন্তোষজনক প্রতীয়মান হয় এমন সময়কাল পর্যন্ত এ অতিরিক্ত দায়িত্ব প্রদান করা যাবে।
- ২। অতিরিক্ত দায়িত্ব প্রদানের ক্ষেত্রে ইউআরডিও প্রস্তাব তৈরি করত: জেলার উপপরিচালক এর নিকট প্রেরণ করবেন এবং উপপরিচালক প্রয়োজনীয় যাচাইপূর্বক প্রস্তাব অনুমোদন করবেন।
- ৩। অতিরিক্ত দায়িত্ব গ্রহণকালীন কর্মকর্তা/কর্মচারীগণ সদস্যওয়ারি ঋণ ও সঞ্চয়ের ডিটেইল লিস্ট প্রস্তুতপূর্বক দায়িত্ব বুঝে নিবেন। উক্ত ডিটেইল লিস্টে ইউআরডিও স্বাক্ষর করবেন ও সংশ্লিষ্ট উপপরিচালক প্রতিস্বাক্ষর করবেন। অতিরিক্ত দায়িত্ব প্রদান এবং সমিতির খাতাপত্র, ক্যাশ বহি, পাশবহি, সাপ্তাহিক আদায় শীট, সদস্যওয়ারি ডিটেইল লিস্ট হালনাগাদ রাখার জন্য ইউআরডিও পত্র জারি করবেন।
- ৪। অতিরিক্ত দায়িত্ব পালনকৃত কর্মকর্তা/কর্মচারী (মউ ব্যতীত) সংশ্লিষ্ট কর্মসূচির অর্জিত সেবামূল্যের বেতন ভাতার অংশ হতে মূল পদে বেতন ভাতার ঘাটতির সম্পূর্ণ অংশ প্রাপ্য হবেন। অবশিষ্ট সমুদয় সেবামূল্যের বেতন ভাতার অংশ প্রণোদনা হিসেবে গণ্য হবে, যার ৫০% তিনি তাৎক্ষণিক প্রাপ্য হবেন এবং ৫০% অর্থ দ্বারা তাঁর ভবিষ্যতে বেতন ভাতার ঘাটতি পূরণ ও তাঁর গ্র্যাচুইটির অর্থের ঘাটতি (প্রয়োজ্য ক্ষেত্রে) পূরণ করা যাবে। তবে, ইতঃপূর্বে বিগত বছরে তাঁর যে বকেয়া প্রাপ্য হয়েছে তা কোনোভাবেই এ খাত হতে পরিশোধ করা যাবে না। বীর মুক্তিযোদ্ধা কর্মসূচির ক্ষেত্রে কর্মসূচির নীতিমালা অনুযায়ী উৎসাহ ভাতা প্রদেয় হবে।
- ৫। অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী চাকরি হতে অবসরে গেলে বা কোনো কারণে অতিরিক্ত দায়িত্ব হতে অব্যাহতি গ্রহণ করলে অথবা তাকে অব্যাহতি প্রদান করা হলে, তিনি অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত সমিতি/দলের সদস্যওয়ারি ঋণ ও সঞ্চয়ের ডিটেইল লিস্ট প্রস্তুতপূর্বক সকল নথি পত্রাদিসহ দায়িত্ব ইউআরডিও কর্তৃক মনোনীত কর্মকর্তা/কর্মচারীকে বুঝিয়ে দিবেন। দায়িত্ব বুঝিয়ে দেয়ার বিষয়টি ইউআরডিও নিশ্চিত করবেন।
- ৬। ইউসিসিএ'র কর্মচারীদের অতিরিক্ত দায়িত্ব প্রদানের ক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত সম্বলিত রেজুলেশন থাকতে হবে এবং অতিরিক্ত দায়িত্ব প্রদানকৃত কর্মচারীর কোন আর্থিক অনিয়ম, হস্তমজুদ, আত্মসাত উদঘাটিত হলে ইউআরডিও সরাসরি আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন মর্মে ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত থাকতে হবে। ইউসিসিএ'র কর্মচারীগণ অতিরিক্ত দায়িত্বের জন্য প্রাপ্য অর্থ সরাসরি সংশ্লিষ্ট কর্মসূচি হতে গ্রহণ করবেন। উক্ত অর্থ ইউসিসিএ'র হিসাবে স্থানান্তরের প্রয়োজন পড়বে না।
- ৭। যে সকল কর্মকর্তা/কর্মচারী দায়িত্ব পালনে অবহেলা করবেন বা কর্মস্থলে অনুপস্থিত থাকবেন তাদের বিরুদ্ধে ইউআরডিওগণ জেলার উপপরিচালকের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করে সদর দপ্তরকে অবহিত করবেন। সংশ্লিষ্ট জেলার উপপরিচালক কর্মসূচির অবাধ্য কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রয়োজনে সাময়িক বরখাস্ত করতে পারবেন এবং প্রয়োজ্য ক্ষেত্রে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য সদর দপ্তরে সুপারিশ প্রেরণ করবেন।
- ৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। ইতঃপূর্বে জারিকৃত এতদসংক্রান্ত সকল আদেশ এতদ্বারা বাতিল করা হলো।


সুপ্রিয় কুমার কুন্ডু ২৯.০৮.২০২১
মহাপরিচালক (গ্রেড-১)
ফোনঃ ০২-৮১৮০০০২
চলমান পাতা-২

নম্বর: ৪৭.৬২.০০০০.২০৫.১৮.০০২.২০.৭৮৯৪

তারিখ: ২৯ আগস্ট ২০২১

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (সকল),, বিআরডিবি, ঢাকা/সিলেট।
২. যুগ্মপরিচালক/প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক (সকল),, বিআরডিবি, ঢাকা/ফরিদপুর/গাইবান্ধা/রংপুর।
৩. উপপরিচালক (সকল),, বিআরডিবি, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. উপপরিচালক (সকল), বিআরডিবি, জেলা।
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা, জেলা।
৬. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), বিআরডিবি, উপজেলা, জেলা।


২৯.০৮.২০২১

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন)